গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সদরপুর, ফরিদপুর
(www.sadarpur.faridpur.gov.bd)

স্মারক নং:০৫.১২.২৯৮৪.০০১.০০.০৩৭.২৫. ২৭২(১০০) তারিখ: ১৭.০৩.২০২৫ খ্রি.

"জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা এলাকার আগ্রহী জনসাধারণ ও প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সদরপুর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির ব্যবস্থাপনাধীন ২০ একর পর্যন্ত বন্ধ জলমহাল/পুকুরসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে বাংলা ১৪৩২ হতে বাংলা ১৪৩৪ সন পর্যন্ত সময়ের জন্য ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকায় (Calendra Year) নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাধীনে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনসমূহ নির্ধারিত তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদরপুর, ফরিদপুর বরাবর দাখিল করতে হবে। ধার্যকৃত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না । আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), সদরপুর, ফরিদপুর কার্যালয় হতে নগদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে ক্রয় করা যাবে।

উল্লেখ্য, সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি এবং ইজারাদারদের পালনীয় শর্তাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। এছাড়া অত্র কার্যালয়ের ওয়েব পোর্টাল (www.sadarpur.faridpur.gov.bd) হতে বিস্তারিত জানা যাবে।

১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারা যোগ্য জলমহালের তফসিল ও ইজারা মূল্য:

| ক্র: নং | ইউনিয়নের নাম | জলমহাল/পুকুরের নাম | মৌজার নাম | খতিয়ান | দাগ নং | শ্রেণী | পরিমাণ (একর) | সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | আকোটেরচর | চিতলিয়া বিল | ২৬নং কৃষ্ণ মঙ্গলের ডাঙ্গী | ১ | ৬০৫২ | কোল | ৫.০৪ | ৫০,৯৩১/- | |

আবেদনপত্র দাখিলের তফসীল

| আবেদন ক্রয়ের শেষ তারিখ | আবেদন ফরম জমাদানের শেষ তারিখ | দাখিকৃত আবেদন খোলার সময় |
|---|---|---|
| ০৭-০৪-২০২৫ খ্রি. | ০৮-০৪-২০২৫ খ্রি. দুপুর ০১.০০ টা | ০৮-০৪-২০২৫ খ্রি. দুপুর ০২.০০ টা |

শর্তসমূহ:

(ক) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বন্ধ জলমহাল/পুকুর ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে।

(খ) অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদক আবেদন দাখিল করতে হবে।

(গ) নির্ধারিত সময়ে আবেদনপত্রের সাথে সকল তথ্যাদি ও জলমহাল ইজারার জন্য জামানত বাবদ জলমহাল ইজারা মূল্যের ২০% টাকা উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি), সদরপুর, ফরিদপুর-এর কার্যালয়ে দাখিল করতে হবে।

(ঘ) আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের পর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

(ঙ) ইজারা গ্রহিতাকে ইজারা মূল্যের উপর সরকারি ধার্যকৃত ১৫% ভ্যাট ও ১০% আয়কর এককালীন পরিশোধ করতে হবে।

(চ) আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি ০৩(তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার জন্য সংশ্লিষ্ট জলমহাল এবং মৎস্যচাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে।

(ছ) জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি (www.sadarpur.faridpur.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়া অনলাইনে আবেদন করতে যে সকল কাগজপত্রের প্রয়োজন হবে তার বিস্তারিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

(জ) জলমহাল ইজারা পাওয়ার জন্য অনলাইনে আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি), সদরপুর, ফরিদপুর এর কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

(ঝ) এছাড়া আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরুপ জেলা/ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্টি দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্টি দাখিল করতে হবে না।

(ঞ) ইজারাকৃত জলমহাল/পুকুর বাংলা ১৪৩৪ সালের ৩০ শে চৈত্র পর্যন্ত ইজারা বলবৎ থাকবে। ইজারাকৃত জলমহাল/পুকুরের কোন ক্ষতি সাধন করা যাবে না, সাব লীজ দেওয়া যাবে না, জলমহাল/পুকুরের শ্রেণি পরিবর্তন করা যাবে না এবং মৎস্য চাষ ছাড়া অন্য কাজে জলমহাল/পুকুর ব্যবহার করা যাবে না। শর্তাবলী ভঙ্গ বা কোন কারণে কর্তৃপক্ষ ইজারা গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

(ট) বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি কিন্তু সরকারীভাবে অন্য কোন আইনের বিধি, অধ্যাদেশ, পরিপত্র এবং প্রাপ্ত পত্রের নির্দেশ ইজারা সংক্রান্ত বিষয় উল্লেখ আছে সে সকল বিধি, অধ্যাদেশ, পরিপত্র এবং প্রাপ্ত পত্রের নির্দেশ ও শর্তাবলী আবেদনকারী মানতে বাধ্য থাকবেন।

১৭/৩/২৫

(জাকিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর, ফরিদপুর

স্মারক নং:০৫.১২.২৯৮৪.০০১.০০.০৩৭.২৫.২৭২(১০০) তারিখ: ১৭.০৩.২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, ফরিদপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার .............................................. (সকল), ফরিদপুর।
৩। সহকারী কমিশনার (ভূমি) ..............................................(সকল), ফরিদপুর।
৪। উপজেলা ..................................................................অফিসার, সদরপুর , ফরিদপুর।
৫। চেয়ারম্যান ...............................................................ইউপি (সকল), সদরপুর , ফরিদপুর।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ....................................... ইউনিয়ন ভূমি অফিস, সদরপুর, ফরিদপুর।
৭। সভাপতি/সম্পাদক........................................................মৎস্যজীবি সমবায় সমিতি, সদরপুর, ফরিদপুর।
৮। সম্পাদক, দৈনিক [illegible] পত্রিকা। আপনাকে উপরোক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি সিঙ্গেল স্পেসে আগামী ২৩/ ০৩/২০২৫ তারিখের মধ্যে তার পত্রিকার ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯। অফিস কপি।

১৭/৩/২৫

উপজেলা নির্বাহী অফিসার
সদরপুর, ফরিদপুর